# আউটসোর্সিং এর মাধ্যমে জনবল সরবরাহের দরপত্র সিডিউল

**হাইড্রোকার্বন ইউনিট**

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

বিটিএমসি ভবন, কাওরান বাজার, ঢাকা।

**হাইড্রোকার্বন ইউনিট**
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বিটিএমসি ভবন, কাওরান বাজার, ঢাকা।

**আউটসোর্সিং এর মাধ্যমে জনবল সরবরাহের দরপত্র**

## অধ্যায়-১

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন হাইড্রোকার্বন ইউনিট এর দৈনন্দিন কাজ পরিচালনার জন্য বার্তাবাহক ০১ (এক) জন, অফিস সহায়ক (পিয়ন) ০৪ (চার) জন, নিরাপত্তা প্রহরী ০৪ (চার) জন এবং পরিচ্ছন্নতা কর্মী ০১ (এক) জন আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগের নিমিত্তে দরপত্রের সাধারণ শর্তাবলী নিম্নরূপঃ

১.১। দরপত্রে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রতিষ্ঠানকে নিম্নোক্ত ছক মোতাবেক তাদের স্ব স্ব প্রতিষ্ঠানের প্যাডে সীলগালা অবস্থায় দরপত্র প্রস্তাব মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট বরাবরে দাখিল করতে হবে। দরপত্রের সাথে প্রস্তাবিত প্রার্থীদের এ মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে যে, উক্ত প্রার্থী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পক্ষে কাজ করতে সম্মত রয়েছে। অসম্পূর্ণ দরপত্র কোন প্রকার বিবেচনা ছাড়াই সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১.২। সরবরাহকৃত জনবল চুক্তিকালীন সময়ে সার্বক্ষণিকভাবে অর্পিত কাজে নিয়োজিত থাকবে। প্রয়োজনে অফিস চলাকালীন সময়ের আগে/পরে এবং সরকারী/সাপ্তাহিক ছুটির দিনেও দায়িত্ব পালন করতে হবে। সাপ্তাহিক/সরকারি ছুটির দিনে কাজ করানো হলে আনুপাতিক হারে যিনি কাজ করবেন তাকে ভাতা প্রদান করা হবে।

১.৩। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে বিধি মোতাবেক হাইড্রোকার্বন ইউনিট এর সংশ্লিষ্ট খাতসমূহে বরাদ্দকৃত অর্থ হতে বিল পরিশোধ করা হবে এবং প্রতিষ্ঠানকে প্রদেয় মাসিক বিল হতে বিধি মোতাবেক সরকার নির্ধারিত আয়কর, ভ্যাট ও অন্যান্য চার্জ (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১.৪। কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে নিরবিচ্ছিন্নভাবে জনবল সরবরাহ করতে হবে। হরতাল বা অন্য কোন অজুহাতে জনবল সরবরাহ বন্ধ রাখা যাবে না। কোন দিন সরবরাহ বন্ধ থাকলে বা সংশ্লিষ্ট জনবল কর্মস্থলে গরহাজির থাকলে অনুপস্থিতকালীন সময়ের জন্য আনুপাতিক হারে বেতন কেটে রাখা হবে। কোন কারণে একজন না আসতে পারলে অনুরূপ পদে কাজের যোগ্য আরেকজনকে কর্তৃপক্ষের পূর্ব অনুমতি সাপেক্ষে সাময়িকভাবে সরবরাহ করা যাবে।

১.৫। বর্ণিত জনবল চুক্তিকালীন সময়ে কর্তৃপক্ষের নিকট হতে দরপত্রে প্রস্তাবিত বেতন-ভাতা ব্যতিত অন্য কোন রকম সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন না।

১.৬। সেবা মূল্যের অর্থ নিয়োজিত জনবলের ব্যাংক হিসাবে জমা করতে হবে।

১.৭। নির্বাচিত প্রতিষ্ঠান সরবরাহকৃত জনবলের নিয়োগকারী কর্তৃপক্ষ হবেন।

১.৮। অসুস্থতা বা অসদাচরণের কারণে কোন জনবলকে প্রত্যাহার করার প্রয়োজন দেখা দিলে তার সমান অথবা অধিক যোগ্যতার জনবল দিয়ে প্রত্যাহার করা যাবে, তবে কোন জনবলকে প্রত্যাহারের পূর্বে তার নিয়ন্ত্রণকারী কর্মকর্তার লিখিত অনুমতি নিতে হবে।

১.৯। চুক্তির মেয়াদ ১ (এক) বছর, তবে কাজের মান সন্তোষজনক হলে উভয় পক্ষের সম্মতিতে চুক্তি নবায়ন করা যেতে পারে।

১.১০। চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানকে হাইড্রোকার্বন ইউনিটের পক্ষ থেকে কার্যাদেশ প্রদান করা হবে এবং নির্বাচিত প্রতিষ্ঠানকে নিজ উদ্যোগে সংগৃহীত ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে জনবল সরবরাহের চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১.১১। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে বা সংগত কোন কারণ দেখিয়ে ১ (এক) মাসের নোটিশে বাতিল করতে পারবে।

১.১২। নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরের পূর্বে সরবরাহকৃত জনবলের জনপ্রতি ১ (এক) বছরের বেতনের ১০% হারে নিরাপত্তা জামানত পে-অর্ডারের মাধ্যমে মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট বরাবর জমা দিতে হবে।

১.১৩। আউটসোর্সিং পদ্ধতির মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আইন, বিধিমালা ও নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।

১.১৪। সরবরাহকৃত কোন জনবলের বিরুদ্ধে কোন প্রকার চুরির অভিযোগ বা অফিসিয়াল গোপনীয় তথ্য প্রকাশের অভিযোগ উঠলে কর্তৃপক্ষ এবং সরবরাহকারী প্রতিষ্ঠানের প্রতিনিধির সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হবে। তদন্ত কমিটি কর্তৃক অভিযোগ প্রমাণিত হলে সরবরাহকৃত জনবলের আইনানুগ দায়সহ সকল দায় সরবরাহকারী প্রতিষ্ঠান বহন করবে।

১.১৫। সরবরাহকৃত জনবলের ছুটির প্রয়োজন হলে কর্তৃপক্ষের বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হতে ছুটি নিতে হবে।

১.১৬। সকল পদে প্রার্থীদের বয়সসীমা ১৮ হতে ৬০ বছর পর্যন্ত।

১.১৭। দরপত্রে যে সকল বিষয় উল্লেখ নেই সেসব বিষয়ে হাইড্রোকার্বন ইউনিট কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১.১৮। দরপত্র কমিটির সদস্যগণ প্রয়োজনে দরপ্রস্তাবে অংশগ্রহণকারী প্রতিষ্ঠান সমূহ সরেজমিনে পরিদর্শন করিবেন।

# অধ্যায়-২

দরপত্রটির জন্য নিম্নবর্ণিত সাধারণ শর্তাবলী সকল দরপ্রস্তাবকারী প্রতিষ্ঠানের উপর বাধ্যতামূলকভাবে প্রযোজ্য হবে।

২.১। দরপত্র প্রস্তুতকরণঃ

দরপত্রদাতা তার দরপত্র প্রস্তুতকালে যে খরচ হবে তা তিনি নিজেই বহন করবেন এবং দরপত্রের ফলাফল যাই হোক না কেন, হাইড্রোকার্বন ইউনিটকে খরচের জন্য দায়ী করা যাবে না।

২.২। দরপত্রের সংশোধণী সংক্রান্তঃ

হাইড্রোকার্বন ইউনিটের নিজ প্রয়োজনে অথবা কোন দরপত্র দাতার অনুসন্ধানের জবাবে দরপত্র তফসিলের সংশোধনী জারী করতে পারবে। জারীকৃত যে কোন সংশোধনী সকল দরপত্রদাতাকে লিখিতভাবে অবহিত করা হবে এবং সেই সংশোধনী গ্রহণ তাদের উপর বাধ্যতামূলক হবে।

২.৩। দরপত্র দাখিলের শেষ সময় সংক্রান্তঃ

দরপত্র বিজ্ঞপ্তি/তফসিলে উল্লেখিত দরপত্র দাখিলের নির্দিষ্ট সময় ও তারিখের পূর্বে অথবা মধ্যে দরপত্র অত্র কার্যালয়ের ঠিকানায় পৌঁছাতে হবে।

২.৪। দরপত্র দেরীতে দাখিল সংক্রান্তঃ

দরপত্র বিজ্ঞপ্তি/তফসিলে উল্লেখিত (হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক পরবর্তীতে সংশোধিত, যদি হয়) দরপত্র দাখিলের নির্দিষ্ট সময় ও তারিখের পরে দাখিলকৃত দরপত্র গহণ করা হবে না। দেরীতে দাখিলকৃত দরপত্র না খুলেই দরপত্রদাতাকে ফেরত দেয়া হবে।

২.৫। দরপত্র খোলার সময় সংক্রান্তঃ

দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত (যা পরবর্তীতে লিখিতভাবে বর্ধিত হতে পারে) তারিখ ও সময়ে দাখিলকৃত সকল প্রস্তাবের খাম খোলা হবে।

২.৬। দরপত্র দাখিল সংক্রান্তঃ

ক) দরপত্র প্রস্তাবের সাথে অবশ্যই অধ্যায়-৪ যথাযথ ও পূর্ণাঙ্গভাবে পূরণ করে জমা দিতে হবে।

খ) দরপত্র প্রস্তাবে অত্র দরপত্র তফসিলের অধ্যায়-৩ যথাযথভাবে পূরণপূর্বক অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সহ  সীল গালাকৃত খামে জমা দিতে হবে।

গ) খামের উপর দরপত্র প্রস্তাবকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা এবং প্রস্তাবের বিষয় স্পষ্টাক্ষরে উল্লেখ থাকতে হবে।

ঘ) দরপত্র তফসিলের সকল সার্ভিসের জন্য একই প্রতিষ্ঠান বার্তাবাহক, অফিস সহায়ক (পিয়ন), নিরাপত্তা প্রহরী ও পরিচ্ছন্নতা কর্মী সরবরাহের জন্য দরপ্রস্তাব জমা দিতে হবে।

ঙ) দরপ্রস্তাবের দুইটি অংশ থাকবে যথা “কারিগরী প্রস্তাব” ও “আর্থিক প্রস্তাব”। “কারিগরী প্রস্তাব”-এর মধ্যে অধ্যায়-৪ ব্যতিত দরপত্রের জন্য আবশ্যকীয় সকল কাগজপত্র জমা দিতে হবে। “আর্থিক প্রস্তাব”-এর মধ্যে অধ্যায়-৪ যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে।

## অধ্যায়-৩

### দরপ্রস্তাবে অত্যাবশ্যকীয় কাগজ/দলিলপত্রাদি এবং নির্দেশাবলী

দরপ্রস্তাব নিম্নরূপ শর্তসমূহ এবং কাগজ/দলিলাদি সঠিকভাবে প্রস্তুত/প্রণয়ন করে দাখিল করতে ব্যর্থ হলে দরপ্রস্তাব অযোগ্য বলে গণ্য হবে।

৩.১। ট্রেড লাইসেন্স দাখিল করতে হবে। উক্ত ট্রেড লাইসেন্সে ব্যবসার ধরণ কলামে সিকিউরিটি গার্ড সরবরাহ কথাটি উল্লেখ থাকতে হবে।

৩.২। বাংলাদেশ প্রফেশনাল সিকিউরিটি সার্ভিসেস প্রভাইডার্স এসোসিয়েশনের (BPSSPA) সদস্য ভূক্তির হাল নাগাদ সনদপত্র।

৩.৩। ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট দাখিল করতে হবে।

৩.৪। হালসনের আয়কর পরিশোধ সনদপত্র দাখিল করতে হবে।

৩.৫। কোম্পানীর নিজস্ব অফিস মালিকানা চুক্তিপত্র দাখিল করতে হবে।

৩.৬। দরপত্রের সাথে দরদাতা প্রতিষ্ঠানটির তিন বৎসরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে।

৩.৭। দরপত্র ক্রয়ের মূল রশীদ দাখিল করতে হবে।

৩.৮। টেন্ডার সিকিউরিটি বাবদ মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট এর অনুকূলে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি দাখিল করতে হবে।

৩.৯। বিগত পাঁচ বৎসরের যে কোন সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে একশত জন জনবল সরবরাহর অভিজ্ঞতার সনদপত্র।

৩.১০। ব্যাংক হতে আর্থিক স্বচ্ছলতার সনদপত্র দাখিল করতে হবে।

## সরবরাহকৃত জনবলের শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতাঃ

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১. | বার্তাবাহক | ০১ টি | ক) ন্যূনতম এসএসসি বা সমমানের পাশ;<br>খ) বার্তাবাহক পদে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক অফিস এবং অফিসের বাহিরে কার্য সম্পাদন। |
| ২. | অফিস সহায়ক (পিয়ন) | ০৪ টি | ক) ন্যূনতম এসএসসি বা সমমানের পাশ;<br>খ) অফিস সহায়ক (পিয়ন) পদে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক অফিস এবং অফিসের বাহিরে কার্য সম্পাদন। |
| ৩. | নিরাপত্তা প্রহরী | ০৪ টি | ক) ন্যূনতম অস্টম শ্রেণী বা সমমানের পাশ;<br>খ) নিরাপত্তা প্রহরী হিসাবে কমপক্ষে ০৫ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। | কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক তিন শিপটে দৈনিক ২৪ ঘন্টা নিরাপত্তা বিধানে রত থাকবেন। |
| ৪. | পরিচ্ছন্নতা কর্মী | ০১ টি | ক) ন্যূনতম অস্টম শ্রেণী বা সমমানের পাশ;<br>খ) পরিস্কার পরিচ্ছনতার কাজে অভিজ্ঞতা থাকতে হবে। | কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক অফিসের সকল ধরণের পরিস্কার পরিচ্ছন্নতার দায়িত্ব পালন করবেন। |

# অধ্যায়-৪

## দরদাতার উদ্ধৃত দর (আর্থিক প্রস্তাব)

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | মাসিক জনপ্রতি সেবামূল্য (সাকুল্যে বেতন) | বাৎসরিক উৎসব ভাতা বছরে দুইটি (জনপ্রতি) | বাৎসরিক বাংলা নববর্ষ ভাতা বছরে একটি (জনপ্রতি) | ভ্যাট ও আয়কর | সার্ভিস চার্জ | মোট দর (এক বৎসরের জন্য) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | বার্তাবাহক | ০১ | ১৫,৫৫০.০০ | ৮,২৫০.০০ | ১৬৫০.০০ | | | |
| ২. | অফিস সহায়ক (পিয়ন) | ০৪ | ১৫,৫৫০.০০ | ৮,২৫০.০০ | ১৬৫০.০০ | | | |
| ৩. | নিরাপত্তা প্রহরী | ০৪ | ১৫,৫৫০.০০ | ৮,২৫০.০০ | ১৬৫০.০০ | | | |
| ৪. | পরিচ্ছন্নতা কর্মী | ০১ | ১৫,৫৫০.০০ | ৮,২৫০.০০ | ১৬৫০.০০ | | | |

## অধ্যায়-৫

## দরপত্র মূল্যায়নে নম্বর বন্টন

হাইড্রোকার্বন ইউনিটের দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে মোট ১০০ নম্বরের মধ্যে কারিগরী প্রস্তাবে ৪০ নম্বর এবং আর্থিক প্রস্তাবে ৬০ নম্বর থাকবে। মোট ১০০ নম্বরের মধ্যে সর্বোচ্চ পয়েন্ট প্রাপ্ত প্রতিষ্ঠান ১ম সফল দরদাতা হিসেবে বিবেচিত হবেন। নিম্নলিখিত বিষয়সমূহ সঠিকভাবে প্রস্তুত/প্রণয়ন/উপস্থাপন/দাখিল অনুযায়ী বাছাই ও সরেজমিনে তদারকি পূর্বক উক্ত বিষয়সমূহের বিপরীতে নম্বর প্রদান বা নম্বর কর্তন করা হবে এবং এ বিষয়ে হাইড্রোকার্বন ইউনিটের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**দরদাতা প্রতিষ্ঠানের যোগ্যতাঃ**

৫.১। দরদাতা কোম্পানী ২০১৫-২০১৬ বছরে যে সকল সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/আর্থিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানে সর্বনিম্ন ২৫ জন জনবল সরবরাহ করেছেন সে সব প্রতিষ্ঠান হতে প্রাক অভিজ্ঞতার সনদপত্র দাখিল করবেন।

২-৪ এর অধিক প্রতিষ্ঠানে সরবরাহকৃত জনবলের সংখ্যা ৭৫ বা এর অধিক হলে ---------৫----------- পয়েন্ট।
৫ এর অধিক প্রতিষ্ঠানে সরবরাহকৃত জনবলের সংখ্যা ১০০ বা এর অধিক হলে ---------৮----------- পয়েন্ট।

৫.২। ব্যাংক হতে বিগত ৩ (তিন) অর্থ বছরের আর্থিক বিবরণী দাখিল করবেন। ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ ২০১৫-২০১৬ অর্থ বছরে সংশ্লিষ্ট খাতে ব্যাংক এর মাধ্যমে লেনদেনের মোট পরিমাণ ৫০,০০,০০০.০০ (পঁঞ্চাশ লক্ষ) টাকা বা এর অধিক হওয়ার প্রমাণ পাওয়া গেলে যোগ্যতার মাপকাঠিতে পয়েন্ট যোগ হবে কিন্তু লেনদেনের মোট পরিমাণ ২৫,০০,০০০.০০ (পঁচিশ লক্ষ) টাকা কম হলে কোন পয়েন্ট যোগ হবে না।

২৫ লক্ষ টাকা বা এর অধিক হলে ------------------------৫-----------------------------পয়েন্ট
৫০ লক্ষ টাকা বা এর অধিক হলে ------------------------৮ --------------------------পয়েন্ট

৫.৩। দরদাতা কোম্পানীর ম্যানেজমেন্ট তালিকা হতে দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে নিম্নরূপ পয়েন্ট লাভ করবেনঃ-

**ক) ম্যানেজমেন্টঃ**
(১) সশস্ত্র বাহিনীর সাবেক অফিসার মেজর সম পদমর্যাদা হতে উচ্চ পর্যায়ের কোম্পানীর মালিক অথবা এমডি হলে যোগ্যতার মাপকাঠিতে পয়েন্ট যোগ হবে। কিন্তু মেজর এর নীচে কোন পয়েন্ট প্রাপ্য হবেন না।

সশস্ত্র বাহিনীর সাবেক মেজর সম পদমর্যাদা হলে ----------------------৫----------------------পয়েন্ট
সশস্ত্র বাহিনীর সাবেক মেজর সম পদ এর উপরে পদমর্যাদা হলে ----------------৮------------পয়েন্ট

(২) অফিস ম্যানেজমেন্টে দরদাতা কোম্পানীর বেতনভুক্ত কর্মকর্তার সংখ্যা  ৮ বা এর অধিক হলে---৫---পয়েন্ট

অফিস ম্যানেজমেন্টে দরদাতা কোম্পানীর বেতনভুক্ত কর্মকর্তার সংখ্যা ১২ বা এর অধিক হলে---৮---পয়েন্ট

(৩)  দরদাতা কোম্পানীর রিজার্ভ জনবলের সংখ্যা ১০ জনের অধিক হলে --------------৫---------------পয়েন্ট

দরদাতা কোম্পানীর রিজার্ভ জনবলের সংখ্যা ১৫ জনের অধিক হলে ---------------৮---------------পয়েন্ট

**আর্থিক অবস্থানগত নম্বর ঃ**

৫.৪। সর্বনিম্ন দরদাতা ৬০ পয়েন্ট লাভ করবেন এবং পরবর্তী দরদাতার ক্রম নির্ধারণে উদ্ধৃত দর অনুযায়ী আনুপাতিক হারে পয়েন্ট প্রাপ্ত হবেন।

$$\text{দরদাতার আর্থিক প্রস্তাবে প্রাপ্ত নম্বর} = \frac{\text{সর্বনিম্ন উদ্ধৃত দর}}{\text{দরদাতার উদ্ধৃত দর}} \times ৬০$$

## অধ্যায়-৬

(সকল দরপত্র দাতাকে এই ফর্মটি অবশ্যই পূরণ করতে হবে; না করলে বা অসসম্পূর্ণ থাকলে দরপত্র বাতিল বলে গণ্য হবে)

## দরপত্রদাতার সম্মতিপত্র

আমি/আমরা উপরোক্ত দরপত্র তফসিলভুক্ত সমস্ত শর্তসমূহ স্বজ্ঞানে পড়ে ও বুঝে নিয়ে এবং বিনা আপত্তিতে মেনে নিয়ে আমার/আমাদের পক্ষ হতে নিম্নে স্বাক্ষর করলাম।

ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং------------------------------তারিখ------/---------/----------খ্রিঃ, ব্যাংকের নাম -------------------------------------শাখা----------------------টাকার পরিমাণ ------------------/----- (টাকা ------------------------------------------------মাত্র) আর্নেষ্টমানি হিসাবে এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

দরপত্রদাতা প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী/প্রতিনিধির
স্বাক্ষর
এবং প্রতিষ্ঠানের সীল

(অপ্রয়োজনীয় অংশ কেটে দিন)

নামঃ-------------------------------------------------

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ------------------------------

--------------------------------------------------

--------------------------------------------------

ফোনঃ ---------------------------------------------

ফ্যাক্স নংঃ-------------------------------------------

ই-মেইলঃ-------------------------------------------

প্রতিষ্ঠানের সীলমোহরঃ

## অধ্যায়-৭

## দরদাতার মূল্যায়ন ও কার্যবন্টন

১) দরদাতার মূল্যায়ন সংক্রান্ত ঃ

ক) হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক নির্বাচিত কর্মকর্তার সমন্বয়ে গঠিত মূল্যায়ন কমিটি দাখিলকৃত সকল প্রস্তাব

মূল্যায়ন করবেন। উক্ত মূল্যায়নকালে এই দরপত্র তফসিলে বর্ণিত নির্দেশ ও অন্যান্য শর্ত ও চাহিদা সমূহ যথাযথভাবে পালন করা হয়েছে কিনা যাচাই করা হবে।

খ) যে সকল কারণে কোন দরপ্রস্তাব অযোগ্য বলে বিবেচনা করা হবে তা এই তফসিলের অধ্যায়-৩ এ বর্ণনা করা হয়েছে।

গ) Responsive দরপত্র সমূহ পয়েন্ট বন্টন অনুযায়ী মূল্যায়নের ভিত্তিতে সর্বোচ্চ পয়েন্ট প্রাপ্ত প্রতিষ্ঠান ১ম দরদাতা হিবেবে বিবেচিত হবেন এবং Frame work Contract এ সই-স্বাক্ষরের জন্য তার বরাবরে অভিপ্রায় পত্র জারী করা হবে। নির্ধারিত শর্ত সমূহ পালন করে এবং নির্ধারিত সময়ের মধ্যে ১ম সফল দরদাতা জনবল সরবরাহে ব্যর্থ হলে তার দাখিলকৃত নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত করা হবে এবং ২য় সর্বোচ্চ পয়েন্ট প্রাপ্ত প্রতিষ্ঠানকে তার উদ্ধৃত একক দরে চুক্তি করার জন্য অভিপ্রায় পত্র জারী করা হবে। যদি '২য় সর্বোচ্চ পয়েন্ট প্রাপ্ত প্রতিষ্ঠান' তার উদ্ধৃত দরে কাজ করতে রাজী না হন, তা হলে ৩য় দরদাতা বরাবর তার উদ্ধৃত দরে কাজ করার জন্য অভিপ্রায় পত্র জারী করা হবে। এভাবে সফল ঠিকাদার নির্বাচিত না হওয়া পর্যন্ত প্রক্রিয়াটি চলতে থাকবে।

২) সফল দরদাতার দরপত্রের একক দরসমূহের বৈধতাঃ

দরপত্রের আর্থিক প্রস্তাবনায় বর্ণিত কাজের একক দরসমূহ চুক্তি সহ-স্বাক্ষরের দিন হতে বাধ্যতামূলকভাবে ৩৬৫ দিন/১ (এক) বৎসর পর্যন্ত বলবৎ থাকতে হবে এবং উভয় পক্ষের সম্মতি স্বাপেক্ষে তা সর্বোচ্চ আরও ১(এক) বছর পর্যন্ত বর্ধিত করা যাবে।

৩) মিথ্যা তথ্য বা কাগজপত্র প্রদানে বা তথ্য জালিয়াতি করণে শাস্তি প্রদান সংক্রান্ত ঃ

কোন দরপ্রস্তাবকারী তার দরপ্রস্তাবের সাথে যদি এমন কোন তথ্য দেন বা কাগজপত্র জমা দেন যা পরবর্তী যে কোন সময় মিথ্যা বা জালিয়াতিমূলক বলে প্রমাণিত হয়, তবে হাইড্রোকার্বন ইউনিট ঠিকাদারের প্রস্তাব মূল্যায়ন প্রক্রিয়া বন্ধ বা কার্যাদেশ বাতিল করা সহ ঠিকাদারের বিরুদ্ধে অন্যান্য আইনানুগ কার্যক্রম গ্রহণ করবে। এ ছাড়াও উক্ত ঠিকাদার প্রতিষ্ঠানকে হাইড্রোকার্বন ইউনিটের পরবর্তী যে কোন দরপত্র কার্যক্রমে অংশ গ্রহণে পরবর্তী ৫ (পাঁচ) বছরের জন্য নিষিদ্ধ করা হবে।

৪) অভিজ্ঞতার সনদপত্র ঃ

দরপত্রদাতা কর্তৃক দরপত্রের সাথে পূর্ব-অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। সনদপত্র ব্যতিত কোন পূর্ব-অভিজ্ঞতা মূল্যায়নকালে বিবেচনায় নেয়া হবে না। সনদপত্রে কার্যাদেশ প্রদানের তারিখ, জনবলের সংখ্যা, সম্পর্কীত তথ্যসমূহ পরিস্কারভাবে উল্লেখ করতে হবে। দাখিলকৃত সনদপত্রগুলির মূল কপি সংশ্লিষ্ট কাজের কার্যাদেশ প্রদানকারী কর্তৃপক্ষের একজন ন্যূনতম নির্বাহী অফিসার বা সমপদমর্যাদার কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত হতে হবে এবং তা যে কোন ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। সনদপত্রের ভাষায় উক্ত বিয়সমূহ পরিস্কারভাবে বর্ণিত থা থাকলে এতদবিষয়ে হাইড্রোকার্বন ইউনিট নিজের সিদ্ধান্ত গ্রহণ করবে এবং বিড ডকুমেন্টস মূল্যায়নে কোন নম্বর যোগ হবে না। হাইড্রোকার্বন ইউনিট দফতর পরবর্তীকালে যে কোন সময় যে কোন সনদপত্রের মূল কপি

দেখতে চাওয়ার অধিকার সংরক্ষণ করে। যদি কোন সময় যে কোন সনদপত্রের উৎস বা প্রতিপাদ্য বিষয় অসত্য বলে চিহ্নিত বা প্রমাণিত হয় তবে হাইড্রোকার্বন ইউনিট সংশ্লিষ্ট দরপ্রস্তাবটিকে বাতিল বা অযোগ্য বলে বিবেচনা করার অধিকার সংরক্ষণ করে এবং সংশ্লিষ্ট দরদাতা প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করা ছাড়াও তার বিরুদ্ধে অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৫) দরপত্রসমূহের তুলনামূলক মূল্যায়ন প্রক্রিয়া সংক্রান্ত ঃ

যে সকল দরপ্রস্তাবের "কারিগরী প্রস্তাব" এই তফশিলে বর্ণিত এক বা একাধিক কারণে অযোগ্য বলে বিবেচনা করা হবে সে সকল দরপ্রস্তাবের "আর্থিক প্রস্তাব"-এর খাম তুলনামূলক মূল্যায়ন প্রক্রিয়ার পরবর্তী ধাপে বিবেচনায় নেয়া হবে না। শুধুমাত্র যোগ্য দরপ্রস্তাবসমূহের "আর্থিক প্রস্তাব" সমূহের খাম পূর্বে নোটিশকৃত দিন ও সময়ে খোলা হবে।
"আর্থিক প্রস্তাব" সমূহ নিম্নোক্ত প্রক্রিয়ায় তূল্য বিবেচনা ও মূল্যায়ন করা হবে ঃ

৫.১. কারিগরী প্রস্তাব বিবেচনায় --------৪০---------পয়েন্ট এবং আর্থিক প্রস্তাব --------৬০ পয়েন্ট থাকবে।

৫.২. সকল দরদাতা প্রতিষ্ঠানকে তাদের প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে ক্রমানুযায়ী সাজানো হবে। সবচেয়ে বেশি মোট নম্বর প্রাপ্ত প্রতিষ্ঠান **১**ম সফল দরদাতা বলে বিবেচিত হবে। একইভাবে দ্বিতীয় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত প্রতিষ্ঠান দ্বিতীয় সফল দরদাতা, তৃতীয় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত প্রতিষ্ঠান তৃতীয় সফল দরদাতা ইত্যাদি বলে বিবেচিত হবে।

৫.৩. দুই বা ততোধিক দরদাতা প্রতিষ্ঠান যদি আর্থিক ও কারিগরী প্রস্তাব মিলিয়ে সমান নম্বর প্রাপ্ত হন সেক্ষেত্রে আর্থিক প্রস্তাব মূল্যায়নে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত দরদাতা প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দেয়া হবে।

৫.৪. সর্বোচ্চ পয়েন্ট প্রাপ্ত দরদাতা প্রতিষ্ঠান স্বয়ংক্রিয়ভাবে "সফল দরদাতা" হিসাবে গণ্য করা হবে এবং উক্ত দরদাতা কর্তৃক উদ্ধৃত একক দরের ভিত্তিতে প্রতিষ্ঠনটিকে কাজ করার জন্য নির্বাচন করা হবে এবং সংশ্লিষ্ট দরদাতার নিকট হতে লিখিত সম্মতি প্রাপ্তি স্বাপেক্ষে একই দরে ন্যূনতম **১** (এক) বৎসর সময়ব্যাপি কাজ করার জন্য Framework Contract ভিত্তিতে চুক্তি করা হবে।

৫.৫. **১**ম সফল দরদাতা কোন কারণে কাজ করতে অযোগ্য বিবেচিত হলে বা অপারগতা প্রকাশ করলে দ্বিতীয় সফল দরদাতাকে তার উদ্ধৃত দরের ভিত্তিতে কাজ করার জন্য অনুরোধ জানানো হবে। এভাবে সফল দরদাতা নির্বাচিত না হওয়া পর্যন্ত প্রক্রিয়াটি চলমান রাখার এখতিয়ার হাইড্রোকার্বন ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৬) দরপত্র সংক্রান্ত ক্ষমতা ঃ

হাইড্রোকার্বন ইউনিট কর্তৃপক্ষ সর্বনিম্ন দরপত্র গ্রহণ করতে বাধ্য নয় এবং কোন কারণ দর্শানো ব্যতিতই দরপত্রের কিছু অংশ বিলোপ বা সম্পূর্ণ দরপত্র বাতিল করণ বা কাজের স্বার্থে যে কোন সমন্বয় বিবেচনা করার ক্ষমতা সংরক্ষণ করে।

## অধ্যায়-৮

## অন্যন্য শর্তাবলী

১) নিরাপত্তা জামানত জমা প্রদান সংক্রান্তঃ

নির্বাচন তালিকাভুক্ত সফল সরবরাহকারী প্রতিষ্ঠানকে নিরাপত্তা জামানত হিসাবে ১,০০,০০০/= (এক লক্ষ টাকা মাত্র) জমা দিতে হবে। বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টি আকারে "হাইড্রোকার্বন ইউনিট' এর অনুকূলে এই নিরাপত্তা জামানত জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টির মূল কপি জমা দিতে হবে, ফটোকপি কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। হাইড্রোকার্বন ইউনিট প্রয়োজনবোধে উক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টির সত্যতা যাচাইয়ের অধিকার সংরক্ষণ করে। পরবর্তীতে যে কোন সময় উক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টি সঠিক নয় বলে প্রমাণিত হলে কার্যাদেশ বাতিল ও ঠিকাদারের বিরুদ্ধে হাইড্রোকার্বন ইউনিট যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণের অধিকার সংরক্ষণ করে। জমাকৃত নিরাপত্তা সম্পূর্ণরূপে লভ্যাংশমুক্ত হবে।

সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তির মেয়াদ শেষ হবার পর কিংবা চুক্তির কার্যকারিতা শেষ হবার পর ও তদসময়ে ঠিকাদার বরাবরে হাইড্রোকার্বন ইউনিটের কোনরূপ দাবী/পাওনা না থাকলে এবং ঠিকাদারের লিখিত আবেদন প্রাপ্তি স্বাপেক্ষে ঠিকাদারের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উক্ত জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টি ফেরৎ প্রদান করা হবে।

২) আর্নেষ্টমানি ফেরৎ প্রদান ঃ

অসফল দরপত্রদাতা প্রতিষ্ঠানসমূহ "নির্বাচন তালিকা" প্রকাশের পর আর্নেষ্টমানি ফেরৎ পাবেন। সফল দরপত্রদাতার ক্ষেত্রে সংশ্লিষ্ট ঠিকাদারের নিকট হতে "নিরাপত্তা জামানত" প্রাপ্তির পর আর্নেষ্টমানি ফেরৎ দেওয়া হবে। দরপত্র তফসিলে স্বাক্ষরকারী দরপত্রদাতা প্রতিষ্ঠানের কর্মকর্তা কর্তৃক তাদের ছাপানো চিঠির প্যাডে আবেদনের ভিত্তিতে আর্নেষ্টমানি তাকে অথবা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে হাতে হাতে হস্তান্তর করা হবে। তাছাড়াও দরপত্রদাতা প্রতিষ্ঠানে তাদের ছাপানো চিঠির প্যাডে আর্নেষ্টমানি ডাকযোগে ফেরৎ দিতে অনুরোধ করলে তা রেজিষ্টার্ড ডাকযোগে দরপত্রে বর্ণিত ঠিকানায় ফেরৎ পাঠানো যেতে পারে। তবে এই ক্ষেত্রে আর্নেষ্টমানি প্রাপকের নিকট পৌছার ব্যাপারে হাইড্রোকার্বন ইউনিটের কোন দায়-দায়িত্ব থাকবে না।

৩) ঠিকাদার কর্তৃক ঠিকাদারের সরবরাহকৃত জনবলের Monthly Take off Salary প্রদান ঃ

প্রতি মাসের ১-৫ তারিখের মধ্যে ঠিকাদার নিজ দায়িত্বে ঠিকাদারের সরবরাহকৃত জনবলের ব্যাংক একাউন্টে Monthly Take off Salary প্রদান করবেন।

৪) (ক) বিল পরিশোধ ঃ

সকল ক্ষেত্রেই প্রযোজ্য আয়কর ও ভ্যাট এবং অন্যান্য বিধিবদ্ধ কর্তন করে এবং ঠিকাদারের নিকট হতে বিল প্রাপ্তি স্বাপেক্ষে মাসিক ভিত্তিতে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। Frame Work Contract অনুযায়ী ঠিকাদারের উপর অর্পিত দায়িত্ব বা কর্তব্য প্রতিপালনে সম্পূর্ণ বা আংশিকভাবে অক্ষম বা ব্যর্থ প্রমাণিত হলে মাসিক Service Charge হতে ৩০% - ৪০% টাকা কর্তন করা যাবে। এই অনুচ্ছেদের আলোচ্য বিষয়টি ৫নং অনুচ্ছেদের আওতাভুক্ত নয়। এ ব্যাপারে হাইড্রোকার্বন ইউনিটের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(খ) উৎসব ভাতা পরিশোধ ঃ

এক বছরে সর্বোচ্চ ২টি উৎসবের পূর্বে ঠিকাদারের নিকট হতে বিল প্রাপ্তি স্বাপেক্ষে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে চেকের মাধ্যমে উৎসব ভাতা পরিশোধ করা হবে। যে সকল জনবল যে মাসে উৎসব অনুষ্ঠিত হবে সে মাসের পূর্বের মাস পূর্ণভাবে সংশ্লিষ্ট পদে হাইড্রোকার্বন ইউনিটে কর্মরত ছিল শুধু তাদের বিপরীতে উৎসব ভাতা প্রদান করা হবে।

(গ) বাংলা নববর্ষ ভাতা পরিশোধ ঃ

এক বছরে সর্বোচ্চ ১টি বাংলা নববর্ষ ভাতা  ঠিকাদারের নিকট হতে বিল প্রাপ্তি স্বাপেক্ষে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে চেকের মাধ্যমে বাংলা নববর্ষ ভাতা পরিশোধ করা হবে। যে সকল জনবল যে মাসে বাংলা নববর্ষ  অনুষ্ঠিত হবে সে মাসের পূর্বের মাসের মাসিক মূল বেতন ৮,২৫০/- এর ২০% সংশ্লিষ্ট পদে হাইড্রোকার্বন ইউনিটে কর্মরত ছিল শুধু তাদের বিপরীতে বাংলা নববর্ষ ভাতা প্রদান করা হবে।

৫) বিরোধ মিমাংসা ঃ

এই দরপত্র/কার্যাদেশ সংক্রান্ত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, হাইড্রোকার্বন ইউনিট এর মহাপরিচালক অথবা তার মনোনীত প্রতিনিধি এবং দরদাতা ঠিকাদারের মধ্যে সীমাবদ্ধ থাকবে এবং দরপত্রদাতা/ঠিকাদারের মধ্যে এই ক্রয় সংক্রান্ত কোন বিবাদ/বিতর্ক উত্থাপিত হলে বিষয়টি হাইড্রোকার্বন ইউনিট অথবা উভয় পক্ষের মনোনীত এক বা একাধিক “আরবিট্রেটর” এর মাধ্যমে নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ করা যাবে। “আরবিট্রেটর” ব্যর্থ হলে হাইড্রোকার্বন ইউনিট বোর্ড গঠন করে বিষয়টি বোর্ডের নিকট প্রেরিত হবে এবং বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৬) চুক্তি বাতিল সংক্রান্ত ক্ষমতা ঃ

হাইড্রোকার্বন ইউনিটের কর্তৃপক্ষ যে কোন সময় কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন ঠিকাদারের সাথে চুক্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। এ বিষয়ে দরপত্রের অধ্যায়-৬ অনুযায়ী ঠিকাদারের কোনরূপ আপত্তি গ্রহণযোগ্য হবে না।